

🗏 আল-কিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫: ৭

💵 আরবি মূল আয়াত:

فَاِذَا بَرِقَ البَصِيرُ ﴿٧﴾

যখন চক্ষু হতচকিত হবে। — আল-বায়ান

যখন চোখ ধাঁধিয়ে যাবে, — তাইসিরুল

যখন **চক্ষু স্থির হয়ে যাবে।** — মুজিবুর রহমান

So when vision is dazzled — Sahih International

৭. যখন চোখ স্থির হয়ে যাবে(১),

(১) برق এর আভিধানিক অর্থ হলো বিদ্যুতের ঝলকে চোখ ধাঁধিয়ে যাওয়া। কিন্তু প্রচলিত আরবী বাকরীতিতে কথাটি শুধু এ একটি অর্থ জ্ঞাপকই নয় বরং ভীতি-বিহবলতা, বিস্ময় অথবা কোন দুর্ঘটনার আকস্মিকতায় যদি কেউ হতবুদ্ধি হয়ে যায় এবং সে ভীতিকর দৃশ্যের প্রতি তার চক্ষু স্থির-নিবদ্ধ হয়ে যায় যা সে দেখতে পাচ্ছে তাহলে এ অবস্থা বুঝাতেও একথাটি বলা হয়ে থাকে। [দেখুন: ইবন কাসীর] একথাটিই কুরআন মাজীদের আরেক জায়গায় এভাবে বলা হগয়েছে, "আল্লাহ্ তো তাদের অবকাশ দিচ্ছেন সেদিন পর্যন্ত যেদিন চক্ষুসমূহ স্থির হয়ে যাবে।"

তাফসীরে জাকারিয়া

- (৭) সুতরাং যখন চক্ষু স্থির হয়ে যাবে [1]
 - [1] ভয়ে আতঙ্কগ্রস্ত হয়ে। تَحَيَّرُ وَانْدَهَشَ মৃত্যুর সময় সাধারণতঃ হয়ে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5558

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন